



কুয়েতের প্রধান তেল শোধনাগারে ড্রোন হামলায় আগুন



কুয়েতের প্রধান তেল শোধনাগারে ড্রোন হামলায় আগুন। ছবি: সংগৃহীত

কুয়েতের প্রধান তেল শোধনাগার মিনা আল-আহমাদি রিফাইনারিতে ড্রোন হামলার পর আগুন লাগার ঘটনা ঘটেছে। শুক্রবার (৩ এপ্রিল) ভোরে সংঘটিত এই ঘটনায় রিফাইনারির একটি অংশে অগ্নিকাণ্ডের সৃষ্টি হয় বলে জানিয়েছে কুয়েত পেট্রোলিয়াম করপোরেশন। সংস্থাটি জানায়, হামলার সঙ্গে সঙ্গেই জরুরি সেবা ও অগ্নিনির্বাপন দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। আগুন যাতে ছড়িয়ে না পড়ে, সে লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিটগুলো সমন্বিতভাবে কার্যক্রম চালাচ্ছে।

এ ঘটনায় এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। রিফাইনারিতে কর্মরতদের নিরাপত্তা নিশ্চিত করতে তাৎক্ষণিক সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে এবং গুরুত্বপূর্ণ স্থাপনাগুলো সুরক্ষিত রাখা হয়েছে।

পরিবেশগত প্রভাব এড়াতে কুয়েত পেট্রোলিয়াম করপোরেশন দেশটির এনভায়রনমেন্ট পাবলিক অথরিটির সঙ্গে সমন্বয় করে আশপাশের বায়ুর মান পর্যবেক্ষণ করছে। প্রাথমিকভাবে কোনো ক্ষতিকর প্রভাব শনাক্ত হয়নি বলে জানা গেছে।

অন্যদিকে, সাম্প্রতিক মধ্যপ্রাচ্য পরিস্থিতির প্রেক্ষাপটে এ হামলাকে গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ বিমান হামলার পর অঞ্চলজুড়ে উত্তেজনা বেড়ে যায়। এর পাল্টা প্রতিক্রিয়ায় ইরান বিভিন্ন লক্ষ্যবস্তুতে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়ে যাচ্ছে।

এই উত্তেজনার প্রভাব শুধু নিরাপত্তা পরিস্থিতিতেই নয়, বরং জ্বালানি বাজার ও আন্তর্জাতিক বিমান চলাচলেও পড়ছে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।